১৭২

বাংলাদেশ জাতীয় জাদুঘর

শাহবাগ, ঢাকা-১০০০।

সভাপতি	খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি
সভার তারিখ	৩০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ।
সভার সময়	বিকাল ৫.৩০ মিনিট।
স্থান	বোর্ড অব ট্রাস্টিজ সভাকক্ষ, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
উপস্থিতি	০৮ জন

বিষয়: **বাংলাদেশ জাতীয় জাদুঘরে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটির ২০২১-২০২২ অর্থবছরের তৃতীয় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২২) ১ম সভার কার্যবিবরণী।**

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটির **২০২১-২০২২** অর্থবছরের তৃতীয় ত্রৈমাসিকের (জানুয়ারি-মার্চ, ২০২২) ১ম সভা গত ৩০ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ০৫.৩০ ঘটিকায় বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি-এর সভাপতিত্বে জাদুঘরের বোর্ড অব ট্রাস্টিজ সভাকক্ষে, অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

১। জনাব মো. সুলতান মাহমুদ, ঊর্ধ্বতন নিরাপত্তা অফিসার, বাংলাদেশ জাতীয় জাদুঘর।

২। জনাব মো. আকছারুজ্জামান নুরী, সংরক্ষণ রসায়নবিদ, বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং সদস্য, সংশ্লিষ্ট কমিটি ।

৩। জনাব ড. সুমনা আফরোজ, উপকীপার (প), বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং সদস্য, সংশ্লিষ্ট কমিটি ।

৪। জনাব দিবাকর সিকদার, উপকীপার (ই), বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সংশ্লিষ্ট কমিটি ।

৫। জনাব ছালেহা খাতুন, পরিকল্পনা উন্নয়ন অফিসার (চ. দা.), বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং সদস্য, সংশ্লিষ্ট কমিটি ।

৬। জনাব কাজী ফরিদ আহমেদ, সহকারী কীপার (সম, চলতি দায়িত্ব), বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং সদস্য, সংশ্লিষ্ট কমিটি ।

৭। জনাব এস এম নজরুল ইসলাম, হিসাবরক্ষণ কর্মকর্তা (চলতি দায়িত্ব), বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং সদস্য, সংশ্লিষ্ট কমিটি ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কাজে কমিটির সকল সদস্যকে স্ব স্ব অবস্থান থেকে আন্তরিকভাবে কাজ করার পরামর্শ দেন তিনি। অতঃপর

১৩৭২

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর ৩য় ত্রৈমাসিকের কার্যক্রমসমূহের অগ্রগতি বিষয়ে এবং ৪র্থ ত্রৈমাসিকের কার্যক্রমসমূহের বাস্তবায়ন সম্পর্কে আলোচনা করা হয়।

৩য় ত্রৈমাসিকের কার্যক্রমসমূহের অগ্রগতি বিষয়ে এবং ৪র্থ ত্রৈমাসিকের কার্যক্রমসমূহের বাস্তবায়ন সম্পর্কে গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপ:

ক্র.	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়।	আগামী মে ২০২২ মাসের মধ্যে ৫০ জন প্রশিক্ষণার্থী নিয়ে দিনব্যাপী শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করতে হবে।	**ঊর্ধ্বতন প্রশাসনিক কর্মকর্তা**
২.	জাদুঘরের কর্ম-পরিবেশ উন্নয়ন	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ বাস্তবায়নের লক্ষ্যে জাদুঘরের কর্ম-পরিবেশ উন্নয়নে পদক্ষেপ গ্রহণ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	এপ্রিল'২০২২ মাসের মধ্যে জাদুঘর ভবন ও প্রাঙ্গণে একটি নির্দিষ্ট তারিখ নির্ধারণপূর্বক পরিস্কার-পরিচ্ছন্নতা অভিযান পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়। এ সংক্রান্ত একটি অফিস আদেশ জারী করতে হবে।	**দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সাধারণ সেবা শাখা**
৩.	বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং শাখা জাদুঘরসমূহে শুদ্ধাচার পুরস্কার/প্রণোদনা প্রদান	বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং শাখা জাদুঘর সমূহে শুদ্ধাচার পুরস্কার/প্রণোদনা প্রদান সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	বাংলাদেশ জাতীয় জাদুঘর এবং শাখা জাদুঘর সমূহে শুদ্ধাচার পুরস্কার/প্রণোদনা প্রদান সংক্রান্ত বিষয়ে গঠিত কমিটি মে'২০২২ মাসের মধ্যে কার্যক্রম সম্পন্ন করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।	**ঊর্ধ্বতন নিরাপত্তা অফিসার এবং সদস্যসচিব, সংশ্লিষ্ট কমিটি**
৪.	২০২১-২০২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা হালনাগাদকরণ	জাদুঘরের ২০২১-২০২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা নিয়মিত হালনাগাদকরণ এবং হালনাগাদকৃত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	জাদুঘরের ২০২১-২০২২ অর্থবছরের ক্রয়-পরিকল্পনা নিয়মিত হালনাগাদ করতে হবে এবং হালনাগাদকৃত ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	**ঊর্ধ্ব. হিসাবরক্ষণ কর্মকর্তা, সহ. প্রকৌশলী, পরিকল্পনা উ. অফি.ও আইসিটি শাখা প্রধান**

৫.	শারীরিক প্রতিবন্ধী দর্শকদের হুইলচেয়ার সেবা প্রদান	জাদুঘরে আগত বিশেষ চাহিদাসম্পন্ন দর্শকদের হুইলচেয়ার সেবা প্রদানের বিষয়টি আরও জোরদার করার বিষয়ে আলোচনা হয়	জাদুঘরে আগত বিশেষ চাহিদাসম্পন্ন দর্শকদের হুইলচেয়ার সেবা প্রদানের বিষয়ে আন্তরিক থাকতে হবে এবং এ সংক্রান্ত রেজিস্ট্রার যথাযথভাবে মেইনটেইন করতে হবে।	জনশিক্ষা বিভাগ

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

০৬/৪/2022

খোন্দকার মোস্তাফিজুর রহমান এনডিসি
মহাপরিচালক
বাংলাদেশ জাতীয় জাদুঘর

স্মারক নম্বর: ৪৩.২২.০০০০.০০৪.৭৯.০০১.২০.৩৪৩৮(৭) তারিখ: ৬ এপ্রিল ২০২২

বিতরণ: (অবগতি ও কার্যার্থে)
১) কীপার, জনশিক্ষা বিভাগ, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
২) ঊর্ধ্বতন নিরাপত্তা অফিসার, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৩) ঊর্ধ্ব. হিসাবরক্ষণ অফিসার, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৪) ঊর্ধ্বতন প্রশাসনিক অফিসার, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৫) আইসিটি শাখা প্রধান, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৬) জনাব কাজী ফরিদ আহমেদ, সাধারণ সেবা শাখা, বাংলাদেশ জাতীয় জাদুঘর।
৭) সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বাংলাদেশ জাতীয় জাদুঘর। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮) সংশ্লিষ্ট নথি।

০৬/০৪/2022

দিবাকর সিকদার
উপ-কীপার
ইতিহাস ও ধ্রুপদী শিল্পকলা বিভাগ
এবং
সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত কমিটি
বাংলাদেশ জাতীয় জাদুঘর